

পর্ব - খ

কলাস্নাতক অন্ত্য-সেমিস্টার, ২০২৩

(তৃতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ.জি. ৫.২ (কোর)

(কবিতা ও নাটক, পর্ব - ১)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

৫. সমকালীন রাজনৈতিক আন্দোলন, দ্বিতীয় বিশ্বযুদ্ধ ও মনস্তত্ত্বের কীভাবে 'ছেঁড়া তার' নাটকে উঠে এসেছে তা আলোচনা করো।

অথবা

৬. 'ছেঁড়া তার' নাটকের করণ পরিণতির জন্য ফুলজানের ভূমিকা কতটুকু আলোচনা করো।

৭. 'এবং ইন্দ্রজিৎ' নাটকের এক গুরুত্বপূর্ণ সংলাপে আসে সিসিফাসের প্রসঙ্গ। গ্রিক পুরাণের এই চরিত্রটি নাটকের সামগ্রিক তাৎপর্যের কীভাবে যুক্ত হয়ে থাকে তা বুঝিয়ে লেখো।

অথবা

৮. 'ওই তারা-ভরা আকাশ সব গুলিয়ে দেয়', বলেছিল ইন্দ্রজিৎ। এই সংলাপকে নিছক রোম্যান্টিক ভাবালুতা হিসাবে দেখলে ভুল হয়। আসলে 'এবং ইন্দ্রজিৎ' নাটকের কেন্দ্রীয় দর্শনকেই ধারণ করে থাকে এই বাক্য। এ বিষয়ে তোমার অভিমত জানাও।

প্রতি পর্ব থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর সহ মোট  
তিনটি প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

পর্ব - ক

১. “মোর আপনারে আমি নবজন্ম করিয়াছি দান। ‘বন্দীর বন্দনা কবিতায় এই উক্তির তাৎপর্য ঠিক কী?
২. ‘সংগতি’ কবিতায় ধুয়ের মতো ফিরে ফিরে আসে ‘মেলাবেন’, কখনও বা ‘তিনি মেলাবেন’। কবিতায় এই ধুয়ের ব্যবহারকে তুমি কীভাবে পড়তে চাও?
৩. সমর সেনের কবিতা বিষয়ে অভিযোগ উঠেছিল, “তঁার লেখায় এক এক সময় নৈরাশ্যের একটা বিকৃত সুর বেজে ওঠে”। এই অভিযোগ কি তুমি মানবে? তোমার পড়া সমর সেনের কবিতার ভিত্তিতে আলোচনা করো।
৪. রাজনৈতিক কবিতা হিসাবে সুকান্ত ভট্টাচার্যের লেখা, আধুনিক বাংলা কবিতার ধারায় একটি বিশেষ মাত্রা যোগ করে -- মন্তব্যটি বিচার করো।